দৈনিক জনকণ্ঠ JAN 31 2001

তারিখ ........
পৃষ্ঠা ....২.... কলাম ....৩....

# তিন শ্রেষ্ঠ ইতিহাস গ্রন্থ রচয়িতা পুরস্কার পেলেন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২৪-২৬ জানুয়ারি অনুষ্ঠি বাংলাদেশ ইতিহাস পরিষদের ৩২তম সম্মেলনে বাংলাভাষ রচিত ও প্রকাশিত শ্রেষ্ঠ ইতিহাস গ্রন্থের জন্য বাংলা ১৪০ ১৪০৬ ও ১৪০৭ সালের পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্ত লেখকগণ ও গ্রন্থসমূহ হচ্ছে– ইসলা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য এবং বাংলাদেশ ইতিহা পরিষদের সভাপতি প্রফেসর মুহাম্মদ ইনাম-উল-হক রচি "বাঙ্গার ইতিহাস ঃ ভারতে ইংরেজ রাজত্বের সূচনা পর্ব" বাংলাদেশ সরকারের (মুজিবনগর) সাবেক ভ্রাম্যমা কূটনৈতিক প্রতিনিধি মুক্তিযোদ্ধা মুহাম্মদ নূরুল কাদির এ্যাডভোকেট, সুপ্রীমকোর্ট, রচিত মুক্তিযুদ্ধের তথ্যপূর্ণ সচি বিশাল ইতিহাস "দুশো ছেষট্টি দিনে স্বাধীনতা" এব রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ মাহবুবুর রহমান রচিত "বাংলাদেশের ইতিহাস ১৯৪৭-৭১"।

বাংলাদেশ ইতিহাস পরিষদের সাধারণ সম্পাদক ড. হাবিবা খাতুন উক্ত অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত গ্রন্থ ও লেখকের নাম ঘোষণা করেন এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর সাইদুর রহমান খান পুরস্কার প্রদান করেন। সম্মেলনের ৭টি একাডেমিক সেশনে ০টিরও বেশি গবেষণা প্রবন্ধ উপস্থাপিত ও আলোচিত হয়। সম্মেলনে দেশ-বিদেশ থেকে ২ শতাধিক ইতিহাসবিদ অংশ নন। বই তিনটি একুশে গ্রন্থমেলা-২০০১-এ বিভিন্ন স্টলে পাওয়া যাবে। বিজ্ঞপ্তি।